



# বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা

স্থাপিত : ১৭ মার্চ ১৯৮৮ ইং  
সরকারি রেজিঃ নং-ঢা-৬১৮০

জাতীয় শিশু-কিশোর সংগঠন

(জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট কর্তৃক অনুমোদিত)

বগুড়া জেলা শাখা, বগুড়া।

স্মারক নং- ১১-১০-০৬-২৪

তারিখ : ১০/০৬/২৪ ইং



বরাবর,

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক

বগুড়া সদর উপজেলা, বগুড়া।

বিষয় : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা-২৪।

জনাব,

স্তবেচ্ছা নিবেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা-২৪ ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রত্যেক প্রতিযোগীকে নিজ উপজেলায় অংশ গ্রহণ করে জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে হবে। প্রত্যেক উপজেলায় ০৩ (তিন) জন বিজয়ী ঘোষণা করা হবে। উপজেলা পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী জেলায় এবং জেলায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ঢাকায় জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা-২৪ ঢাকায় অংশগ্রহণ করতে পারবে। একজন প্রতিযোগী উপজেলা পর্যায়ে ০৩ (তিন) টি বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে। প্রত্যেক বিষয়ের জন্য আলাদা আলাদা ফরম পূরণ করে নাম নিবন্ধন করতে হবে। নিবন্ধনের সময় প্রত্যেকটি প্রতিযোগীর জন্য ০৩ (তিন) কপি ছবি, জন্ম নিবন্ধনের ফটোকপি, বেতনের রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে। বগুড়া সদর উপজেলা শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত তারিখ ও সময়ে এবং স্থানে সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এক উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের কোন ছাত্র-ছাত্রী অন্য উপজেলায় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। শিক্ষা প্রতিষ্ঠান যে উপজেলায় প্রতিযোগী সেই উপজেলায়।

২১/০৬/২০২৪ ইং সাধারণ নৃত্য ও লোক নৃত্য, স্থান : জেলা শিল্পকলা একাডেমী, বগুড়া। সময়-৩.০০ টা

২৮/০৬/২০২৪ ইং একক অভিনয়, একক কবিতা আবৃত্তি ও চিত্রাঙ্কন, স্থান : জেলা শিল্পকলা একাডেমী, বগুড়া। সময়-৩.০০ টা

## জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪ এর বিভাগ, বিষয়, শ্রেণি বিন্যাস

ক- বিভাগ : (নার্সারি থেকে তৃতীয় শ্রেণি)	চিত্রাঙ্কন- যেমন খুশি আঁকা। নৃত্যঃ সাধারণ নৃত্য ও লোক নৃত্য। আবৃত্তি : একক।
খ- বিভাগ : (৪র্থ থেকে ৭ম শ্রেণি)	চিত্রাঙ্কন- বঙ্গবন্ধুর প্রতিকৃতি/আমার বাংলাদেশ। নৃত্যঃ সাধারণ নৃত্য ও লোক নৃত্য। আবৃত্তি : একক। অভিনয় : একক।
গ- বিভাগ : (৮ম থেকে ১০ম শ্রেণি)	চিত্রাঙ্কন : বঙ্গবন্ধুর প্রতিকৃতি। নৃত্যঃ সাধারণ নৃত্য ও লোক নৃত্য। আবৃত্তি : একক। অভিনয় : একক।
ঘ- বিভাগ : (কলেজ-বিশ্ববিদ্যালয়)	চিত্রাঙ্কন : বঙ্গবন্ধুর প্রতিকৃতি। নৃত্যঃ সাধারণ নৃত্য ও লোক নৃত্য। আবৃত্তি : একক। অভিনয় : একক।

অতএব, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২৪। বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা উদ্যোগে বগুড়া সদর উপজেলার জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা বিষয়ে আপনার শিক্ষা প্রতিষ্ঠান/একাডেমী সকল ছাত্র-ছাত্রীদের অবগত করণের জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে আপনার মর্জি হয়।

নিবেদক

গৌতম কুমার দাস

সভাপতি- বগুড়া জেলা শাখা, বগুড়া।

সহ-সভাপতি- কেন্দ্রীয় কমিটি, ঢাকা।

সম্পর্ককারী- প্রোগ্রামিং বিভাগ, রাজশাহী।

বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা

সদস্য, বগুড়া জেলা স্বেচ্ছাসেবক, বগুড়া।

মোবাইল নং-০১৫৫৩-৮০৪২২০